# নৈতিকতা কমিটির মাসিক সভার প্রতিবেদন

| | | |
|---|---|---|
| বিষয় | : | "শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ খসড়া প্রণয়ন" সংক্রান্ত |
| সময় | : | দুপুর ২:০০ থেকে ৩:০০ ঘটিকা পর্যন্ত |
| তারিখ | : | ২০/০৬/২০২১ খ্রিঃ |
| সভাপতি | : | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |

উপস্থিতির তালিকা 'ক' তে সংযুক্ত করা হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এর কাযক্রম সম্পর্কে আলোকপাত করেন এবং কেন্দ্রীয় দপ্তরের ২০/০৬/২০২১ ইং তারিখের নৈতিকতা সভার কতিপয় সিদ্ধান্ত সম্পর্কে সভাকে জানান। তিনি উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুসারে গত ২৫/০৫/২০২১ ইং তারিখে ই-মেইলের মাধ্যমে ২০২১-২২ অর্থবৎসরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রেরণ করা হয়েছিল। কেন্দ্রীয় দপ্তর তা রিভিউ করে নিয়োক্ত সংশোধনী প্রেরণ করেছেনঃ

১। কেন্দ্রীয় দপ্তরের শুদ্ধচার কর্মপরিকল্পনা ২০২১-২২ (প্রস্তাবিত) অনুসরণ করে আঞ্চলিক অফিসের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা এর ১.৫ কর্মপরিবেশ উন্নয়ন এর ক্ষেত্রে ০৩ (তিন) টি কর্মসূচী ১.৫.১, ১.৫.২ এবং ১.৫.৩ আকারে দিতে হবে।

২। আঞ্চলিক অফিসের প্রস্তাবিত খসড়া পরিকল্পনার ৩.২ অনাপত্তি ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচার এ ৩.২.১, ৩.২.২ এবং ৩.২.৩ আকারে ০৩ (তিন) টি কর্মসূচী দিতে হবে। এক্ষেত্রে ফিল্ড সার্ভে শুরুর সময় বা আগে প্রত্যাশী সংস্থাকে ই-মেইল করে ফিল্ড সার্ভের তারিখ জানিয়ে দেয়া এবং সহযোগীতা চাওয়া, সার্ভে রিপোর্ট কেন্দ্রীয় দপ্তরে দাখিলের পরপরই প্রত্যাশী সংস্থাকে তা ই-মেইলে জানানো এবং কেন্দ্রীয় দপ্তরের Contract Person এর নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ করা ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে।

৩। আঞ্চলিক অফিসের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম এর ৩.৫ এর ক্ষেত্রে টেন্ডার এ অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠানকে ই-মেইল করে নির্দিষ্ট কার্যক্রমের বিষয়ে অবহিতকরণ এবং ওয়েবসাইট সর্বসাধারণের জন্য আপলোড করার বিষয়টি অন্তর্ভুক্ত করা।

সভাপতি মহোদয় সভাকে জানান যে, উপরোক্ত সংশোধনী অনুসারে শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ (খসড়া) সংশোধন করে ২৪/০৬/২০২১ ইং এর মধ্যে কেন্দ্রীয় দপ্তরে পাঠানোর নির্দেশনা বাস্তবায়ন করতে হবে। তিনি সকলের এ ক্ষেত্রে সহযোগীতা চান। উপস্থিত সদস্যরা সহযোগীতা করবেন বলে মত দেন।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed
20/06/2021

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০৮২১-৭২৯০৮৯

সংযুক্ত-ক

## ২০/০৬/২০২১ তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি | Shaheen Ahmed 20/06/2021 |
| ২ | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া ২০/০৬/২০২১ |
| ৩ | জনাব মো: নূরুজ্জামান ভূইয়া | রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি | [illegible] 20/06/2021 |
| ৪ | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [illegible] 20/06/2021 |
| ৫ | জনাব আমির হামজা | খালাসী | আমির |